

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ বিভিন্ন সময়ের দো'আ সমূহ (الدعوات في الأوقات) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

১, ২ ও ৩. (শুভ কাজের শুরুতে)

- (ক) খানাপিনা সহ সকল শুভ কাজের শুরুতে বলবে- بِسْمِ اللهِ 'বিসমিল্লা-হ' (আল্লাহর নামে শুরু করছি)।[15]
- খে) শেষে বলবে- الْحَمْدُ للهِ 'আলহামদুলিল্লা-হ' (যাবতীয় প্রশংসা আল্লাহর জন্য)।[16]
- (গ) রাসূলুল্লাহ (ছাঃ) নির্দেশ দিয়েছেন যে, তোমরা বিসমিল্লাহ বল, যখন তোমরা দরজা-জানালা বন্ধ কর অথবা কোন খাদ্য ও পানীয়ের পাত্রে ঢাকনা দাও। যদি ঢাকনা দেওয়ার কিছু না পাও, তাহ'লে পাত্রের উপর কোন কাঠি বা কাষ্ঠখন্ড রেখে দাও। যার ফলে তা অনিষ্ট হ'তে নিরাপদ থাকবে। [17]

উল্লেখ্য যে, কোন অন্যায় কাজের শুরুতে ও শেষে 'বিসমিল্লাহ' ও 'আলহামদু লিল্লা-হ' বলা যাবে না বা আল্লাহর সাহায্য চাওয়া যাবে না। কেননা এগুলি শয়তানের কাজ। আর আল্লাহর অনুগ্রহ কেবল ন্যায় ও সৎ কাজের সাথে থাকে।

২.

- (ক) মঙ্গলজনক কিছু দেখলে বা শুনলে বলবে,الْحَمْدُ لله'আলহামদুলিল্লা-হ'
- (খ) পসন্দনীয় কিছু দেখলে বা শুনলে বলবে,أَالْحَمْدُ لِلهِ الَّذِيُ بِنِعْمَتِهِ تَتِمُّ الصَّالِحَاتُ 'আলহামদুলিল্লা-হিল্লাযী বিনি'মাতিহি তাতিম্মুছ ছা-লিহা-ত' (সকল প্রশংসা আল্লাহর জন্য যার অনুগ্রহে সকল শুভ কাজ সম্পন্ন হয়ে থাকে)।
- (গ) অপছন্দনীয় কিছু দেখলে বা শুনলে বলবে, الْحَمْدُ للهِ عَلَى كُلِّ حَالِ 'আলহামদুলিল্লা-হি 'আলা কুল্লে হা-ল' (সর্বাবস্থায় আল্লাহর জন্যই সকল প্রশংসা)।[18]
- (घ) বিস্ময়কর কিছু দেখলে বা শুনলে বলবে, سُبُحَانَ اللهِ 'সুবহা-নাল্লা-হ' (মহাপবিত্র তুমি হে আল্লাহ!)। অথবা বলবে, اللهُ أَكْبَرُ 'আল্লা-হু আকবার' (আল্লাহ সবার চেয়ে বড়)।[19]
- (৬) ভয়ের কারণ ঘটলে বলবে, اللهُ إِلاَ اللهُ إِلاَ اللهُ إِلاَ اللهُ إِلاَ اللهُ إِلاَ اللهُ إِلاَ اللهُ اللهُ إِلاَ اللهُ اللهُ اللهُ اللهُ الله وَالْحَمْدُ لِلهِ (সুবহা-নাল্লা-হি ওয়ালহামদুলিল্লা-হ' এ দু'টি বাক্য আসমান ও যমীনের মধ্যের ফাঁকা স্থানকে ছওয়াবে পূর্ণ করে দেয়। الْحَمْدُ لِلهِ أَلْحَمْدُ لِلهِ أَلْحَمْدُ لِلهِ وَالْحَمْدُ لِلهِ وَاللهِ وَاللهُ وَاللّهُ وَاللهُ وَاللهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللهُ وَاللّهُ وَل
- ৩. দুঃখজনক কিছু দেখলে, ঘটলে বা শুনলে বলবে,
- (ক) إِنَّا لِلهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُوْنَ 'ইন্না লিল্লা-হে ওয়া ইন্না ইলাইহে রা-জে'উন' (আমরা সবাই আল্লাহর জন্য এবং আমরা সবাই তাঁর দিকেই প্রত্যাবর্তনকারী)।
- (খ) অতঃপর নিজের ব্যাপারে হ'লে বলবে, اللَّهُمَّ أَجِرْنِيْ فِيْ مُصِيْبَتِيْ وَأَخْلِفْ لِيْ خَيْرًا مِّنْهَا



'আল্লা-হুম্মা আজিরনী ফী মুছীবাতী ওয়া আখলিফলী খায়রাম মিনহা' (হে আল্লাহ! এই বিপদে তুমি আমাকে আশ্রয় দাও এবং আমাকে এর উত্তম বিনিময় দান কর)।[22] যদি বিপদ সর্বাত্মক হয়, তাহ'লে 'নী' (زن) এর স্থলে 'না' (نن) বলবে।

ফুটনোট

- [15] . মুত্তাফার্রু 'আলাইহ, মুসলিম, মিশকাত হা/৪১৫৯, ৬১; আবুদাউদ, মিশকাত হা/৪২০২। উল্লেখ্য যে, ঔষধ সেবনের সময় 'আল্লাহ শাফী, আল্লাহ কাফী' বলা ভিত্তিহীন। ডাক্তার খানায় বা মেডিকেলে এগুলো লেখা দেখা যায়। যা বর্জনীয়।
- [16] . বুখারী, মুসলিম, মিশকাত হা/৪১৯৯, ৪২০০, 'খাদ্য সমূহ' অধ্যায়-২১, পরিচ্ছেদ-১।
- [17] . মুত্তাফারু 'আলাইহ, মিশকাত হা/৪২৯৪-৯৬, 'খাদ্য সমূহ' অধ্যায়-২১, অনুচ্ছেদ-৫।
- [18] . ইবনু মাজাহ হা/৩৮০৩, 'শিষ্টাচার' অধ্যায়-৩৩, অনুচ্ছেদ-৫৫; হাকেম, সিলসিলা ছহীহাহ হা/২৬৫।
- [19] . বুখারী হা/৬২১৮-১৯, 'শিষ্টাচার' অধ্যায়-৭৮, ১২১ অনুচ্ছেদ; ঐ, হা/৪৭৪১, 'তাফসীর' অধ্যায় সূরা হজ্জ (২২), অনুচ্ছেদ-১।
- [20] . বুখারী হা/৩৫৯৮, 'মর্যাদা সমূহ' অধ্যায়-৬১, 'নবুঅতের আলামত সমূহ' অনুচ্ছেদ-২৫।
- [21] . মুসলিম, মিশকাত হা/২৮১, 'পবিত্রতা' অধ্যায়-৩, পরিচ্ছেদ-১।
- [22] . মুসলিম, মিশকাত হা/১৬১৮, 'জানায়েয' অধ্যায়-৫, অনুচ্ছেদ-৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9262

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন